

139

সিলেটে শিবির-ছাত্রলীগ  
কর্মীদের সংঘর্ষে ১১ জন  
আহত

সিলেট সংবাদদাতা টেলি-  
ফোনে জানান, ইসলামী ছাত্র  
শিবির ও জাতীয় ছাত্র লীগের  
কর্মীদের মধ্যে দুইদফা সংঘর্ষে  
গতকাল (শনিবার) দুই পক্ষের  
১১ জন ছাত্র আহত হইয়াছে।  
(শেষ পৃ: ৫-এর ক: ড:)

২৭

~~138~~

সিলেটে  
(১ম পৃ: পর)

আহতদের মধ্যে গুরুতর ছুরি-  
কাহত শিবিরের দুইজন ও জাতীয়  
ছাত্র লীগের একজনকে সিলেট  
ওসমানী মেডিক্যাল হাসপাতালে  
ভর্তি করা হইয়াছে। দুপুর ১২টায়  
প্রথম সংঘর্ষ হয় শহরের মদন  
মোহন কলেজে এবং পরে সন্ধ্যায়  
ইহার জের ধরিয়া জিন্দাবাজারে  
দ্বিতীয় দফা সংঘর্ষ বাধে। সংঘর্ষের  
জন্য দুইপক্ষ পরস্পরকে দায়ী  
করে। সংঘর্ষের ঘটনায় সিলেটে  
ছাত্রদের মধ্যে উত্তেজনা বিরাজ  
করিতেছে।